



UK Health
Security
Agency

যক্ষ্মা (টিবি) সম্পর্কে

টিবি একটি সংক্রামক রোগ যা সাধারণত ফুসফুসকে আক্রান্ত করে। এটি ব্যাকটেরিয়ার কারণে হয়। এটি মারাত্মক হতে পারে, তবে অ্যান্টিবায়োটিক দ্বারা এর চিকিৎসা সম্ভব।

আপনি কীভাবে টিবিতে সংক্রমিত হন?

টিবি-তে আক্রান্ত কোনো ব্যক্তি যখন কাশি বা হাঁচি দেন, তখন তারা বাতাসের মধ্যে ব্যাকটেরিয়ার ক্ষুদ্র ফোঁটা বা ছিটা ছেড়ে দেন। টিবিতে আক্রান্ত হওয়া কঠিন। আপনার সংক্রমিত ব্যক্তির সাথে ঘনিষ্ঠ এবং নিয়মিত যোগাযোগ থাকতে হবে এবং সংক্রমিত বাতাস শ্বাস-প্রশ্বাসের মাধ্যমে গ্রহণ করতে হবে। টিবি ২ প্রকারের, সক্রিয় এবং সুপ্ত।

সক্রিয় টিবি

এর অর্থ হলো ব্যাকটেরিয়া আপনার শরীরে সক্রিয় রয়েছে। আপনার

- উপসর্গ থাকবে
- সংক্রমণ ছড়াতে পারেন
- অসুস্থ বোধ করেন

সক্রিয় টিবি-র উপসর্গ

আপনার যদি নিচের উপসর্গগুলি থাকে তবে একজন জিপি-র সাথে কথা বলুন::

- এমন কাশি যা ভাল হচ্ছে না
- কাশির সাথে রক্ত সহ শ্লেষ্মা (কফ) বের হওয়া
- জ্বর বা রাতের ঘাম
- ক্ষুধা কমে যাওয়া বা ওজন হ্রাস
- অতিরিক্ত ক্লান্তি

সুপ্ত টিবি

এর অর্থ হলো ব্যাকটেরিয়া আপনার শরীরে সক্রিয় নয়। আপনার

- উপসর্গ থাকে না

- সংক্রমণ ছড়াতে পারেন না

টিবি-র চিকিৎসা সম্ভব

আপনি যদি টিবিতে আক্রান্ত হন, তবে আপনি যুক্তরাজ্যে বিনামূল্যে পরীক্ষা করাতে পারবেন এবং চিকিৎসা পাবেন।

টিবি-র জন্য পরীক্ষা

আপনার কোনো উপসর্গ না থাকলেও আপনি পরীক্ষা করাতে পারেন।

একজন ডাক্তার আপনি টিবিতে আক্রান্ত কিনা তা পরীক্ষা করার জন্য একটি বা একাধিক পরীক্ষার সমন্বয় ব্যবহার করতে পারেন। এর মধ্যে রয়েছে:

- একটি বুকের এক্স-রে
- একটি ত্বকের পরীক্ষা
- একটি রক্ত পরীক্ষা
- স্লেথ্যা (কফ)-এর নমুনা পরীক্ষা

কারা টিবিতে আক্রান্ত হতে পারে

যে কেউ টিবিতে আক্রান্ত হতে পারে, তবে আপনি টিবিতে আক্রান্ত হওয়ার সম্ভাবনা বেশি যদি আপনি:

- সক্রিয় টিবিতে আক্রান্ত কোনো ব্যক্তির সাথে অনেক বেশি সময় কাটান
- এমন কোনো দেশে বাস করেছেন যেখানে টিবি বেশি সাধারণ
- আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল
- ভিড়পূর্ণ বা অস্বাস্থ্যকর পরিবেশে বসবাস করেন
- নিয়মিত ধূমপান করেন, অ্যালকোহল পান করেন বা মাদক সেবন করেন
- এর আগে টিবিতে আক্রান্ত হয়েছেন এবং এর সঠিকভাবে চিকিৎসা করানো হয়নি

টিবি-র টিকা

টিবি-র জন্য একটি টিকা আছে। এটিকে বিসিজি (BCG) বলা হয়। বিসিজি সাধারণত এনএইচএস (NHS) টিকাদান সূচির অংশ হিসাবে রুটিনমাসিক দেওয়া হয় না কারণ এটি শুধুমাত্র উচ্চ ঝুঁকিতে থাকা লোকদের জন্য সুপারিশ করা হয়। টিকা সম্পর্কে আরও তথ্যের জন্য, এনএইচএস ওয়েবসাইট (NHS website) দেখুন: nhs.uk/vaccinations/bcg-vaccine-for-tuberculosis-tb/

টিবি সম্পর্কে আরও জানুন

ইউটিউবে ৭টি ভাষায় সুপ্ত টিবি সম্পর্কে তথ্যমূলক ভিডিও দেখুন। [@TheTruthAboutTB](https://www.youtube.com/channel/UCTheTruthAboutTB) লিখে সার্চ করুন।

টিবি সম্পর্কে আরও তথ্যের জন্য [এনএইচএস ওয়েবসাইট দেখুন](https://nhs.uk/conditions/tuberculosis-tb/) বা QR কোড স্ক্যান করুন: nhs.uk/conditions/tuberculosis-tb/

ইউকে হেলথ সিকিউরিটি এজেন্সি (UK Health Security Agency)
স্বাস্থ্য ঝুঁকিগুলির জন্য প্রস্তুতি নেওয়া, প্রতিরোধ করা এবং প্রতিক্রিয়া জানানো,
জীবন বাঁচানো এবং জীবিকা রক্ষা করা।

